

THE INSTITUTE OF BANKERS, BANGLADESH (IBB)

7th Banking Professional Examination, 2026

AIBB

Shariah Based Banking (SBB)

Subject Code :

2 1 1

Time—3 hours

Full marks—100

Pass marks—45

[N.B. The figures in the right margin indicate full marks. Answer the questions as mentioned in different parts.]

Part A—Broad Questions

(Answer any two questions)

Marks—20×2=40

- | | Marks |
|--|-------|
| 1. (a) Mention the non-banking services provided by the Islamic Banks in Bangladesh. | 6 |
| (b) How do Islamic banks play an effective role in deposit mobilization? | 8 |
| (c) Differentiate between Al-Wadia account and Quard. | 6 |
| 2. (a) What are the major investment modes of Islamic banks? Discuss in detail. | 10 |
| (b) Conventional banks operate on the basis of interest, while Shariah Based Banks operate on profit-and-loss sharing. Identify and explain the conflicting areas between these two banking systems. | 10 |
| 3. (a) What do you mean by Export Development Fund (EDF)? | 4 |
| (b) How does EDF of Bangladesh Bank contribute to the growth of export trade in Bangladesh? Discuss in detail. | 8 |
| (c) Describe the procedure of import financing under Islamic Banking framework. | 8 |
| 4. (a) What is Liquidity? | 4 |
| (b) "An excess of liquid funds is helpful for paying off liabilities. On the other hand less investment earns less profit." In the light of this quote, compare the liquidity management and profitability of Islamic Banks. | 8 |
| (c) What are the functions of Shariah Supervisory Board? | 8 |

Part B—Mathematical Problem

(Answer any one question)

Marks—10×1=10

- | | |
|---|----|
| 5. Mr. Abdul Matin is a farmer. He cultivates a total of 11 beghas of land, including 5 beghas of leased land. He has to bear the cost of cultivation on the leased land and give 40% of produced crops to the landowner. In the 2025, bore season, the cost per begha from purchasing seeds to harvesting and threshing the crop was 11,500 Tk. The yield was 25 mon per begha. To cultivate the land, he had taken an advance of 1,48,000 taka from ABC Islamic Bank on a Bai Salam basis, fixing the price of paddy at 925 taka per mon. While the crops were transferable, Mr. Abdul Matin purchased the entire crop from the bank on a Bai Muajjal basis, with 10% profit over the purchase price. If the average market price is 1000 taka per mon, determine the profit of ABC Islamic Bank and Mr. Abdul Matin's income from this business. | 10 |
| 6. An XYZ Islamic Bank enters into a Musharakah agreement investing Tk. 30,00,000, while the client invests Tk. 20,00,000. Profit-Sharing ratio is agreed at Bank 55% and client 45%. The bank also charges a management fee of Tk. 50,000. At year-end, total profit is Tk. 6,00,000. | 10 |
| (a) Calculate distributable profit and each party's share. | |
| (b) Show profit/loss distribution if a loss of Tk. 4,00,000 occurs. | |

Part C—Case Study

(Answer any one Case)

Marks—20×1=20

- | | |
|---|----|
| 7. Case-1 : Shariah-based bank mergers. | 20 |
| <p>Case Scenario : In a significant effort to stabilize Bangladesh's troubled Islamic Banking sector, the newly formed Sammilito Islamic Bank, receiving final approval and its operating license from Bangladesh Bank, created through the merger of five distressed Shariah-based banks, has formally begun operations. Bangladesh Bank described the merger as a critical turning point, saying it will strengthen depositor confidence and speed up the long-delayed process of returning stuck funds. Under the deposit protection ordinance 2025, deposits up to Tk. 2 lakh are fully protected and will be paid out shortly. A repayment plan for larger deposits will be announced once the merger process is completed. The Central Bank reiterated that no depositor would lose money. The new entity is now the country's largest state-owned Shariah-based bank. Backed by improved governance, government capital support and enhanced regulatory oversight, the newly combined bank is expected to emerge as a modern, competitive Shariah-based institution capable of restoring public trust.</p> <p>Task : As banking professional advising the central bank, analyze the context, environment, reasons, advantages and risks of merger of five Shariah-based banks.</p> | |

[Please turn over]

Questions :

- (a) Point out the reasons for Shariah-based bank mergers;
- (b) Do you think the steps of Bangladesh Bank for Shariah-based bank merger were appropriate? Explain.
- (c) Do you think such steps of Bangladesh Bank will serve as an instance for the banking sector in future?
- (d) What suggestions would you have to further strengthen the Shariah-based banking sector?

8. **Case-2 : Ethical lapses of bankers**

20

Case Scenario : Ethical lapses of bankers within banking institutions significantly undermine trust, which is foundational to the functioning of financial systems. Instances of misconduct, such as fraud or misrepresentation, can lead to rapid erosion of consumer confidence and deter individuals from engaging with banking services. Consequently, this can result in decreased customer retention and a diminished client base. Moreover, the financial repercussions for banks involved in ethical violations can be severe. Institutions may face hefty fines, legal challenges and increased regulatory scrutiny which not only affects their financial standings but also their reputation. This ripple effect can impact shareholder value and may prompt stakeholders to reassess their relationships with the banking entity. The long-term implications of ethical lapses extend beyond immediate financial costs. They can cultivate a toxic corporate culture, weakening internal controls and contributing to further unethical behavior. In turn, this environment can lead to systemic risks that threaten not only individual institution but the broader financial system as well. Upholding banking ethics and accountability is essential for maintaining stability and trust in this critical sector.

Task : As banking professional advising the central bank, analyze the working environment; integrity, behavior and ethical lapses of banking professional and systematic inconsistency in banking sector.

Questions :

- (a) How does employee behavior affect customer?
- (b) How does employee behavior affect a bank?
- (c) Describe in short the necessity of upholding banking ethics and accountability in banks.
- (d) Do you think that the employee code of conduct of your office is appropriate? Describe in short.

Part D—Understanding Terminology
(Compare and Contrast between any five couple)

Marks—2×5=10

9. Compare and contrast between any five of the following :

- (a) Salam vs Istisna;
- (b) Ijarah vs Hire Purchase under Shirkatul Melk (HPSM)
- (c) Islamic Money Market vs Conventional Money Market
- (d) Classical vs Keynesian views of Interest
- (e) Zakat vs Fitra
- (f) Riba vs Profit
- (g) Cash L/C vs UPAS L/C
- (h) Fiscal Policy vs Monetary Policy.

Part E—Short Questions
(Answer any five questions)

Marks—4×5=20

10. Briefly answer any five of the following :

- (a) Define Islamic Economics.
- (b) What is the Islamic view on Money?
- (c) What are the main features of Al-Mudaraba Accounts?
- (d) What are the Bai based investment modes in Islamic banking?
- (e) What are the purposes of EDF?
- (f) What are the special risks that an Islamic bank faces?
- (g) What do you mean by weightage?
- (h) Name five AAOIFI standards.

[বাংলা অনুবাদ]

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান অ্যাপক। নিম্নলিখিত বিভিন্ন বিভাগের প্রশ্নের উত্তর দিন।

ক বিভাগ—বর্ণনামূলক প্রশ্ন
(যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন)
মান—২০×২=৪০

- | | |
|--|-------|
| | নম্বর |
| ১। (ক) বাংলাদেশে ইসলামিক ব্যাংকগুলো যে সব নন-ব্যাংকিং সেবা প্রদান করে থাকে সেগুলো উল্লেখ করুন। | ৬ |
| (খ) আমানত সংগ্রহের ক্ষেত্রে ইসলামিক ব্যাংকগুলো কীভাবে কার্যকর ভূমিকা পালন করে? | ৮ |
| (গ) কর্প ও আল-ওয়াদিয়া হিসাবের পার্থক্যসমূহ লিখুন। | ৬ |
| ২। (ক) ইসলামিক ব্যাংকসমূহের বিনিয়োগের প্রধান মাধ্যমগুলো কী কী? বিস্তারিত আলোচনা করুন। | ১০ |
| (খ) প্রচলিত (Conventional) ব্যাংকসমূহ সুদের ভিত্তিতে পরিচালিত হয়, অন্যদিকে শরিয়াহভিত্তিক ব্যাংকসমূহ লাভ-লোকসান অংশীদারিত্বের ভিত্তিতে পরিচালিত হয়। এই দুই ধরনের ব্যাংকিং ব্যবস্থার মধ্যে বিদ্যমান বিরোধপূর্ণ ক্ষেত্রগুলো চিহ্নিত করে ব্যাখ্যা করুন। | ১০ |
| ৩। (ক) এক্সপোর্ট ডেভেলপমেন্ট ফান্ড (ইডিএফ) বলতে কী বুঝায়? | ৪ |
| (খ) বাংলাদেশে রপ্তানি বাণিজ্য বৃদ্ধিতে বাংলাদেশ ব্যাংকের ইডিএফ (EDF) কীভাবে অবদান রাখে? বিস্তারিত আলোচনা করুন। | ৮ |
| (গ) ইসলামিক ব্যাংকিং ব্যবস্থায় আমদানি বাণিজ্য অর্থায়নের প্রক্রিয়া বর্ণনা করুন। | ৮ |
| ৪। (ক) তারল্য কী? | ৪ |
| (খ) “তারল্য অর্থের আধিক্য দায় পরিশোধের জন্য সহায়ক। অপরপক্ষে বিনিয়োগ কম হলে মুনাফা কম হবে।” এ উক্তির আলোকে ইসলামিক ব্যাংকের তারল্য ব্যবস্থাপনা ও মুনাফা অর্জন সক্ষমতার মধ্যে তুলনামূলক আলোচনা করুন। | ৮ |
| (গ) শরিয়াহ সুপারভাইজরি বোর্ড এর কাজসমূহ কী কী? | ৮ |

খ বিভাগ—গাণিতিক সমস্যা
(যে কোনো একটি প্রশ্নের উত্তর দিন)
মান—১০×১=১০

- | | |
|----------------------|----|
| ৫। ইংরেজি অংশ দেখুন। | ১০ |
| ৬। ইংরেজি অংশ দেখুন। | ১০ |

গ বিভাগ—সমস্যা সমাধান
(যে কোনো একটি সমাধান করুন)
মান—২০×১=২০

- ৭। ঘটনা-১ : শরিয়াহভিত্তিক ব্যাংক একীকরণ
- দৃশ্যপট : বাংলাদেশের সমস্যাগ্রস্ত ইসলামি ব্যাংকিং খাতকে স্থিতিশীল করার লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ প্রচেষ্টায় চূড়ান্ত অনুমোদন ও বাংলাদেশ ব্যাংক থেকে অনুমোদন প্রাপ্ত হয়ে পাঁচটি শরিয়াহভিত্তিক ব্যাংক একীকরণের মাধ্যমে গঠিত সম্মিলিত ইসলামি ব্যাংক সম্প্রতি কার্যক্রম শুরু করেছে। বাংলাদেশ ব্যাংক থেকে একীকরণকে একটি গুরুত্বপূর্ণ মোড় হিসেবে উল্লেখ করে বলা হয়েছে যে, এটি আমানতকারীদের আস্থা শক্তিশালী করবে এবং আটকে থাকা তহবিল ফেরত প্রদানের দীর্ঘ বিলম্বিত প্রক্রিয়াকে ত্বরান্বিত করবে। আমানত সুরক্ষা অধ্যাদেশ ২০২৫ অনুযায়ী সর্বোচ্চ ২ লক্ষ টাকা পর্যন্ত আমানত সম্পূর্ণভাবে সুরক্ষিত এবং শীঘ্রই প্রদান করা হবে। বড় আমানত পরিশোধ পরিকল্পনা একীকরণ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর ঘোষণা করা হবে। কেন্দ্রীয় ব্যাংক পুনরায় জোড় দিয়ে বলেছে যে, কোনো আমানতকারী অর্থ হারাবে না। নতুন এ সংস্থা এখন দেশের সর্ববৃহৎ সরকারি স্বত্বাধিকারী শরিয়াহভিত্তিক ব্যাংক। আশা করা হচ্ছে—উন্নত শাসন, সরকারি মূলধন সহযোগিতা এবং শক্তিশালী নিয়ন্ত্রক তদারকির আওতাধীন এ নবগঠিত এ সম্মিলিত ব্যাংক একটি আধুনিক, প্রতিযোগিতামূলক শরিয়াহভিত্তিক প্রতিষ্ঠান হিসেবে উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করবে এবং জনগণের বিশ্বাস পুনঃস্থাপন করতে সক্ষম হবে।

কাজ : একজন পেশাদার ব্যাংকার হিসেবে কেন্দ্রীয় ব্যাংককে পরামর্শ দিতে পাঁচটি শরিয়াহভিত্তিক ব্যাংক একীকরণের প্রেক্ষাপট, পরিবেশ, কারণ, সুবিধা ও ঝুঁকিসমূহ বিশ্লেষণ করুন।

প্রশ্নসমূহ :

- (ক) শরিয়াহভিত্তিক ব্যাংকের এরূপ একীকরণের কারণসমূহ উল্লেখ করুন।
- (খ) আপনি কি মনে করেন, শরিয়াহভিত্তিক ব্যাংক একীকরণে বাংলাদেশ ব্যাংকের পদক্ষেপ সঠিক ছিল? ব্যাখ্যা করুন।
- (গ) আপনি কি মনে করেন, বাংলাদেশ ব্যাংকের এরূপ পদক্ষেপ ভবিষ্যতে ব্যাংকিং পরিমণ্ডলে একটি উজ্জ্বল দৃষ্টান্ত হিসেবে কাজ করবে?
- (ঘ) শরিয়াহভিত্তিক ব্যাংক ব্যবস্থাকে অধিকতর শক্তিশালী করতে আপনার পরামর্শ লিখুন।

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য]

৮। ঘটনা-২ : ব্যাংকিং প্রতিষ্ঠানের কর্মচারীদের নৈতিক অবক্ষয়

দৃশ্যপট : ব্যাংকিং প্রতিষ্ঠানের কর্মচারীদের নৈতিক অবক্ষয় প্রতিষ্ঠানের প্রতি স্টেকহোল্ডারদের বিশ্বাসকে উল্লেখযোগ্যভাবে ক্ষুণ্ণ করে, যা আর্থিক প্রতিষ্ঠানের কার্যকারিতার ভিত্তি। জাল-জালিয়াতি বা মিথ্যা তথ্য উপস্থাপনের মতো অসদাচরণ গ্রাহকের আস্থাকে দ্রুত নিম্নমুখী করতে পারে এবং ব্যাংকিং পরিষেবায় যুক্ত হওয়া থেকে গ্রাহকদেরকে বিরত রাখতে পারে। ফলস্বরূপ, গ্রাহক ধরে রাখা হ্রাস পেতে পারে এবং ক্লায়েন্ট বেসের ক্ষতির কারণ হতে পারে। তদুপরি, নৈতিক অবক্ষয়ে জড়িত ব্যাংকের আর্থিক অবস্থা মারাত্মকভাবে প্রভাবিত হতে পারে। প্রতিষ্ঠানসমূহ বড় জরিমানা, আইনী চ্যালেঞ্জ ও নিয়ন্ত্রকদের পক্ষ থেকে বাড়তি নজরদারির মুখোমুখি হতে পারে, যা শুধুমাত্র তাদের আর্থিক অবস্থাকে নয়, বরং তাদের সুনামকেও প্রভাবিত করে। এই তরঙ্গায়িত প্রভাব শেয়ারহোল্ডারদের স্বার্থকে ক্ষতিগ্রস্ত ও স্টেকহোল্ডারদেরকে ব্যাংকিং প্রতিষ্ঠানের সাথে সম্পর্ক পুনঃমূল্যায়নের জন্য প্ররোচিত করতে পারে। নৈতিক অবক্ষয়ের দীর্ঘমেয়াদি প্রভাব শুধু তাৎক্ষণিক আর্থিক ক্ষতি পর্যন্ত সীমাবদ্ধ থাকে না। এগুলি বিঘাট করপোরেট সংস্কৃতি তৈরি করতে পারে; অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাকে দুর্বল করতে পারে এবং আরো অধিকতর অসদাচরণের পথ উন্মুক্ত করতে পারে। পরিণামে এরূপ পরিবেশ কেবল প্রতিষ্ঠানের জন্য পদ্ধতিগত ঝুঁকি সৃষ্টি করবে এমনটি নয়, বরং বৃহত্তর আদিকে পুরো অর্থনৈতিক ব্যবস্থাকে হুমকির মুখে ফেলতে পারে। ব্যাংকিং নীতি-নৈতিকতা ও দায়বদ্ধতা অক্ষুণ্ণ রাখায় এ গুরুত্বপূর্ণ ঋতে স্থিতিশীলতা ও বিশ্বাস বজায় রাখা অপরিহার্য।

কাজ : একজন পেশাদার ব্যাংকার হিসেবে কেন্দ্রীয় ব্যাংককে পরামর্শ দেয়ার লক্ষ্যে ব্যাংক কর্মচারীদের কর্মপরিবেশ, সততা, আচরণ ও নৈতিক দুর্বলতা এবং ব্যাংক খাতের পদ্ধতিগত অসঙ্গতি বিশ্লেষণ করুন।

প্রশ্নসমূহ :

- ব্যাংক কর্মচারীদের আচরণ গ্রাহককে কীভাবে প্রভাবিত করে?
- কর্মচারীদের আচরণ ব্যাংককে কীভাবে প্রভাবিত করে?
- ব্যাংকিং নীতি-নৈতিকতা ও দায়বদ্ধতা নিশ্চিত করার প্রয়োজনীয়তা আলোচনা করুন।
- আপনার অফিসের কর্মচারী আচরণ বিধি যথার্থ বলে মনে করেন কি? সংক্ষেপে আলোচনা করুন।

ঘ বিভাগ—পরিভাষা অনুধাবন

(যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিন)

মান—২×৫=১০

৯। তুলনা এবং পার্থক্য লিখুন (যে কোনো পাঁচটি) :

- সালাম বনাম ইসতিস্না;
- ইজারা বনাম হায়ার পারচেজ আভার শিরকাতুল মেলুক (HPSM)
- ইসলামিক মানি মার্কেট বনাম কনভেনশনাল মানি মার্কেট
- সুদের হার সম্পর্কে Classical বনাম Keynesian মতবাদ
- যাকাত বনাম ফিতরা
- রিবা বনাম মুনাফা
- ক্যাশ এলসি বনাম UPAS এলসি
- রাজস্ব নীতি বনাম মুদ্রানীতি।

ঙ বিভাগ—সংক্ষিপ্ত প্রশ্ন

(যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিন)

মান—৪×৫=২০

১০। যে কোনো পাঁচটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দিন :

- ইসলামি অর্থনীতির সংজ্ঞা প্রদান করুন।
- টাকা সম্পর্কে ইসলামের দৃষ্টিভঙ্গি কী?
- আল-মুদারাবা হিসাবের প্রধান বৈশিষ্ট্যগুলো কী?
- ইসলামিক ব্যাংকিং এ ক্রেয়-বিক্রেয়ভিত্তিক বিনিয়োগ পদ্ধতিসমূহ কী কী?
- ইডিএফ (EDF) এর উদ্দেশ্যসমূহ কী কী?
- ইসলামিক ব্যাংক যেসব বিশেষ ঝুঁকির সম্মুখীন হয় সেগুলো কী কী?
- ওয়েটেজ (Weightage) বলতে আপনি কী বুঝেন?
- আওফি (AAOIFI) কর্তৃক প্রণীত পাঁচটি স্ট্যান্ডার্ড (Standard) এর নাম লিখুন।